পশ্চিমবঙ্গ সরকার

কেন্দ্রীয় ছাত্র / ছাত্রী নিবাস

(সেন্ট্রাল হোস্টেল)

অনগ্রসর শ্রেনী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন অধিকার

জেলা – দক্ষিণ দিনাজপুর

বালুরঘাট তপশিলী উপজাতি কেন্দ্রীয় ছাত্রীনিবাস

স্মারক নং :১৮০ / বি.সি.ডব্লিউ.টি.ডি(এইচ) তারিখ : ১৩/০৬/২০২৫

# বিজ্ঞপ্তি

এতদ্বারা বর্তমান শিক্ষাবর্ষে (২০২৫-২০২৬) মাধ্যমিকোত্তর শ্রেণীতে পাঠরত/পাঠরতা এবং ভর্তি প্রাপ্ত সকল তপশিলী জাতি ও উপজাতি শ্রেনী ভুক্ত ছাত্র/ছাত্রীদের জানানো যাচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকার, তাদের সুবিধার্থে প্রতিবছরের ন্যায় বর্তমান শিক্ষাবর্ষেও (২০২৫-২০২৬) ......বালুরঘাট...... শহরে অবস্থিত সেন্ট্রাল হোস্টেলে ......দক্ষিণ দিনাজপুর...... জেলার প্রত্যন্ত দরিদ্র ও মেধাবী ছাত্র / ছাত্রীদের নিজস্ব পড়াশুনা চালাবার সুবিধার্থে ভর্তি হওয়ার ব্যবস্থা করেছে।

এই উদ্দেশ্যে শহরে অবস্থিত উচ্চবিদ্যালয়ে (একাদশ ও দ্বাদশ শ্রেণী) ও মহাবিদ্যালয়ে (কলেজে) ভর্তি হয়েছে এমন ছাত্র/ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে । দরখাস্ত বা আবেদন পত্র নির্দিষ্ট হোস্টেল সুপারের অফিস থেকে পাওয়া যাবে এবং নিম্নলিখিত প্রমাণাদি সহ যথাযথ ভাবে পূরণ করা আবেদনপত্র ঐ হোস্টেল সুপারের কাছে জমা করতে হবে।

আবেদনপত্র বিতরণের সময়সীমা : ......২৩.০৬.২০২৫...... তারিখ থেকে ......২৩.০৭.২০২৫...... তারিখ।

সঠিকভাবে পূরণ করা আবেদনপত্র জমা করার শেষ তারিখ ......৩১.০৭.২০২৫......।

(* কোনো অবস্থাতেই শেষ তারিখের পর কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না )।

আসন সংখ্যাঃ ১৮

উচ্চমাধ্যমিক স্তরের জন্যঃ ১০

স্নাতক স্তরের জন্যঃ ৮

স্নাতকোত্তরের জন্যঃ

প্রামান্য নথিঃ

১। পাঠরত শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তির রসিদের প্রত্যয়িত নকল।

২। কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

৩। পিতামাতা বা অভিভাবকের বাৎসরিক আয়ের প্রমাণপত্র। (বি.ডি.ও./সভাপতি, পঞ্চায়েত সমিতি/গেজেটেড অফিসার/জেলা পরিষদ সদস্য/মিউনিপ্যালিটির চেয়ারম্যান/কমিশনার/লোকাল এম.এল.এ./এম.পি. দ্বারা শংসায়িত হতে হবে)।

৪। ছাত্র-ছাত্রীর স্থায়ী বাসস্থান থেকে সে যে স্কুল/কলেজে পড়ছে তার সঠিক দূরত্বের প্রমাণ পত্র বা শংসাপত্র (উপরের ৩ নং অনুচ্ছেদে বলা যে কোনো একজন গণ্যমান্য ব্যক্তির দ্বারা প্রত্যয়িত হতে হবে।)

৫। চাকুরিজীবি পিতামাতার/অভিভাবকের বাৎসরিক আয়ের প্রমাণপত্র ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসার দ্বারা প্রত্যয়িত হতে হবে।

৬। মাধ্যমিক/উচ্চমাধ্যমিক/স্নাতক স্তরের পরীক্ষার মার্কশীটের প্রত্যয়িত নকল।

৭। আবেদন পত্র "ফার্স্ট কাম ফার্স্ট সার্ভ" (আগে আসলে আগে পাবে) ভিত্তিতে বিতরণ করা হবে।

৮। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৯। নির্দিষ্ট আসন সংখ্যার ভিত্তিতে শেষ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও বাড়ি থেকে স্কুল/কলেজ-এর দুরত্ব অনুসারে চূড়ান্ত পর্যায়ের যোগ্য প্রার্থীদের তালিকা হোস্টেলের নোটিশ বোর্ডে দেওয়া হবে।

১০। আবাসিক সমস্ত তপশিলী জাতি/উপজাতি ছাত্র/ছাত্রী তাদের পড়াশোনা চালাবার জন্য সরকারী বৃত্তি (পোস্ট ম্যাট্রিক স্কলারশিপ) পাবে।

Dipanwita Kisku

সুপারিন্‌টেন্‌ডেন্ট

(অধীক্ষক)

ছাত্রাবাস/ছাত্রীনিবাস হোস্টেল

Superintendent

Saheb Kachari Central Hostel for ST Girls

স্মারক নং ১৮০ /১ / (১২) বি.সি.ডব্লিউ.টি.ডি(এইচ) তারিখ : ১৩/০৬/২০২৫

অনুলিপি বহুল প্রচারের জন্য প্রেরিত হল :

১) সভাপতি, ........................................................ জেলা পরিষদ ।
২) মহাধ্যক্ষ, অনগ্রসর শ্রেণী কল্যান ও আদিবাসী উন্নয়ন অধিকার, ৮, লায়ন্স রেঞ্জ, মিত্র বিল্ডিং, দ্বিতীয়তল, কলকাতা-৭০০০০১ ।
৩) জেলা শাসক, ........................................ ।
৪) প্রকল্প আধিকারিক / জেলা কল্যাণ আধিকারিক, ...........................জেলা ।
৫) সমষ্টি উন্নয়ন আধিকারিক, ........................................................ ব্লক ।
৬) সভাপতি, ........................................................ পঞ্চায়েত সমিতি ।
৭) চেয়ারম্যান, ........................................................পৌরসভা ।
৮) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক) ...........................................জেলা ।

(* অনুরোধ করা হচ্ছে , সকল স্কুলগুলির নজরে আনার জন্য)

৯) শ্রী/শ্রীমতি ...............................................মাননীয়/মাননীয়া সদস্য/সদস্যা, জেলা তপশিলী জাতি/ উপজাতি মঙ্গল কমিটি ।

১০) প্রিন্সিপ্যাল অধ্যক্ষ/অধ্যক্ষা, ...........................................মহাবিদ্যালয় ।
১১) প্রধান শিক্ষক/শিক্ষিকা, ................................................ উচ্চবিদ্যালয় ।

Dipanwita Kisku
সুপারিনটেনডেন্ট
Superintendent
Saheb Kachari Central Hostel for ST Girls
Contact No - 8371905733